দৈনিক ইনকিলাব

APR. 30 2002
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা 6 ... কলাম ... 4 ...

# সারাদেশে ছাত্রলীগের কার্যক্রম জোরদার করার লক্ষ্যে নেতৃবৃন্দের দেশব্যাপী সফর

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** সারাদেশে
ছাত্রলীগের কার্যক্রমকে জোরদার করার
লক্ষ্যে সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ আগামী ৬
মে থেকে দেশব্যাপী জেলাসমূহে সফর
করবেন। ২০টি টীমে বিভক্ত হয়ে ছাত্রলীগ
নেতারা পাঁচ দিনের এই সফর সফল করার
প্রস্তুতি নিচ্ছেন। সাংগঠনিক সফর সফল
করার লক্ষ্যে গতকাল (সোমবার) সন্ধ্যায়
ছাত্রলীগের কেন্দ্রীয় কার্যালয়ে সংগঠনে
সাবেক ও বর্তমান নেতৃবৃন্দের মধ্যে এব
মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভা
উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সাংস্কৃতিব
সম্পাদক ওবায়দুল কাদের, প্রচার সম্পাদ
আবদুল মান্নান, সুলতান মোঃ মনসুর আহম
আবদুর রহমান, ইসহাক আলী খান পান্না
বর্তমান ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তা
পপি, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামা
শিখর, সহ-সভাপতি বলরাম পোদ্দা
একেএম আজিম, মাইনুল ইসলা
মোসতাক, পনিরুজ্জামান তরুণ, জাবি
হোসেন মারুফ, খলিলুর রহমান, আবদু
আলিম, মাহফুজুর রহমান, বেগ শাহ
জাহান। সভা সূত্র জানায়, সফরকা
ছাত্রলীগ নেতারা সংগঠনের কারারুদ্ধ দু
শীর্ষ নেতার মুক্তির আন্দোলন ত্বরান্বিত কর
ব্যাপারে জনমত সৃষ্টি করবেন।